রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ২৭২, বনলতা বা/এ, এয়ারপোর্ট রোড, রাজশাহী।
বৈদেশিক বিনিময় বিভাগ

টেলিফোন ঃ 0247860531
ওয়েব পেজ ঃ www.rakub.org.bd
ই-মেইল ঃ dgmfed@rakub.org.bd
cdrakubvalidation@gmail.com

বৈদেশিক বিনিময় বিভাগ পরিপত্র নং-০১/২০২০ — তারিখ ঃ ২১-০৪-২০২০ইং

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
সহকারী মহাব্যবস্থাপক (উমব্য এর দায়িত্বে)
ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/
সহকারী মহাব্যবস্থাপক, এলপিও, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে টাকা ড্রয়িং এ্যারেঞ্জমেন্ট এর আওতায় চুক্তিবদ্ধ Remitex Limited (Mukuru) কোম্পানীর মাধ্যমে SPOT CASH পদ্ধতিতে রেমিট্যান্স কার্যক্রম শুরু প্রসংগে।

শিরোনামে বর্নিত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষন করা হচ্ছে।

০২। রাকাব, পরিচালনা পর্ষদের ১৯-১১-২০১৯ ও ১০-০২-২০২০ তারিখে অনুষ্ঠিত ৫০৬ ও ৫১০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে Placid Express এবং Remitex Limited (Mukuru) এর রেমিট্যান্সের টাকা প্রদানের জন্য Sub-Representation Agreement সম্পাদন করার অনুমোদন প্রদান করা হয়। সে প্রেক্ষিতে গত ১৫-০৩-২০২০ তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে Sub-Representation Agreement সম্পাদন করা হয়। ইতোমধ্যে, বাংলাদেশ কৃষি ব্যাংক হতে Remitex Limited (Mukuru) এর ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়া গেছে।

০৩। শাখা হতে কিভাবে পেমেন্ট করবেঃ

(ক) Remitex Limited (Mukuru) এর Web site https://admin.mukuru.com/login/ এ Sign In এর মাধ্যমে শাখাগুলো সরাসরি পেমেন্ট করবে। শাখাসমূহ তাঁর নিজস্ব User ID ও Password দিয়ে Login করে পেমেন্ট কার্যক্রম সম্পন্ন করবে, সেই লক্ষ্যে অত্র বিভাগের পত্র নং প্রকা/বৈবিবি/অপা-৩/২০১৯-২০২০/২১৪৬(৪০৩)/৫ তারিখ: ২১-০৪-২০২০ইং দ্বারা স্থানীয় মুখ্য কার্যালয়, সকল কর্পোরেট শাখা এবং সকল শাখার অনুকূলে (জোনাল কার্যালয়ের মাধ্যমে) User ID, Password এবং User Manual প্রেরণ করা হয়েছে। সকল রেমিট্যান্স কর্মকর্তাগণ কোম্পানির ওয়েব সাইটের Password টি নিরাপত্তাজনিত কারণে মাঝে মাঝে পরিবর্তন করবেন। উল্লেখ্য, সকল শাখা রেমিট্যান্স পেমেন্ট সংক্রান্ত কাজে ইতোমধ্যে প্রয়োজনীয় দক্ষতা অর্জন করায় Remitex Limited (Mukuru) এর ক্ষেত্রে অত্র বিভাগ কর্তৃক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করা হবে না।

০৪। Spot Cash পদ্ধতিতে প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ ছাড়করণ/পরিশোধের ক্ষেত্রে শাখা কর্তৃক করণীয়ঃ

(ক) (১) Pin Number/গোপন নম্বর [Remitex Limited (Mukuru) ৮ সংখ্যা]
(২) প্রেরকের নাম;
(৩) প্রেরকের দেশের নাম;
(৪) প্রত্যাশিত অর্থের পরিমান;
(৫) প্রাপকের ছবিযুক্ত বৈধ পরিচয়পত্রের ফটো কপি (পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, অন্যান্য ছবিযুক্ত সরকারি পরিচয়পত্র ইত্যাদি);
(৬) প্রাপকের নাম, পূর্ণ ঠিকানা এবং সচল মোবাইল ফোন নম্বর (অবশ্যই call দিয়ে যাচাই সাপেক্ষে);
(৭) প্রাপকের পরিচয়পত্র প্রদানের তারিখ এবং মেয়াদোর্ত্তীনের তারিখ।
(৮) শাখার Remittance এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সরাসরি পেমেন্টের ব্যবস্থা করবে। শাখা প্রয়োজন মনে করলে এ বিভাগে অবস্থিত কাস্টমার সার্ভিস সেন্টার (CSC) এ রেমিট্যান্স পেমেন্টের বিষয়ে সার্বিক সহযোগীতা নিতে পারবে।

(খ) শাখাকে নিম্নবর্ণিত ডকুমেন্টগুলো ভাউচারের সংগে সংরক্ষন করতে হবেঃ

(১) গ্রাহকের ছবিসহ পরিচয়পত্রের ফটোকপি;
(২) বেনিফিশিয়ারী ও শাখার রেমিট্যান্স পেমেন্ট কর্মকর্তার স্বাক্ষরযুক্ত প্রিন্টেড পেমেন্ট স্লীপ।

চলমান পাতা-০২

০৫। Remitex Limited (Mukuru) এর Pin Number/গোপন নম্বরটি সবসময় Alphanumeric/Alphabetic এর ৮ সংখ্যার হবে যা Enter Voucher Code এ Input দিতে হবে। উদাহরনস্বরুপ: PinNumber/গোপন সংখ্যা (Voucher Code) - ECXCYEXD, HH3NDN9K, KHAPAC3K

০৬। **হিসাবায়ন পদ্ধতিঃ**

(ক) Remitex Limited (Mukuru) **এর হিসাবায়ন পদ্ধতি নিম্নরূপ:**

(১) Remitex Limited (Mukuru) কোম্পানীর টাকা সাবহেড ১৩১/২৭ থেকে প্রদান করতে হবে;

(২) অত্র ব্যাংকে Remitex Limited (Mukuru) কোম্পানীর জন্য CBS Code No-90200000414 নির্ধারিণ করা হয়েছে।

(৩) প্রতিটি রেমিট্যান্স/ ট্রানজেকশনের জন্য পৃথক ভাউচার প্রস্তুত করতে হবে। প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ নগদে প্রদান করার জন্য প্রস্তুতকৃত ভাউচারের অপর পৃষ্ঠায় গ্রাহকের স্বাক্ষর নিতে হবে যা তার পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/ড্রাইভিং লাইসেন্স/অন্যান্য ফটোযুক্ত সরকারি পরিচয়পত্র ইত্যাদিতে বর্ণিত নাম ও স্বাক্ষরের সাথে অবিকল মিল থাকতে হবে;

(৪) শাখার আদায়যোগ্য হিসাব থেকে পরিশোধিত অর্থের হিসাব সঠিক ও যথাযথভাবে রক্ষনাবেক্ষন করার জন্য পৃথক রেজিষ্টার সংরক্ষন করতে হবে;

(৫) **রাকাব এর শাখাসমূহ হতে প্রদানকৃত রেমিট্যান্স এর অর্থ বিকেবি এলপিও-তে পরিচালিত রাকাবের এসএনডি হিসাবে স্থানান্তর হওয়ার পর ঢাকা শাখা একটি ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ের উপর ইস্যু করবেন। প্রধান কার্যালয় থেকে শাখার উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করার পর শাখার আদায়যোগ্য খাত সমন্বয় হবে।**

০৭। Remitex Limited (Mukuru) এর সাথে Money Transfer ব্যবস্থায় অর্থ প্রদানের জন্য শাখাগুলোকে তাঁদের যে কোন প্রকার সমস্যার ব্যাপারে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সহযোগিতা গ্রহনের সুবিধার্থে বৈদেশিক বিনিময় বিভাগে একটি মনিটরিং সেল Customer Service/Support Centre (CSC) গঠন করা হয়েছে। উক্ত সেল/স্পট ক্যাশ সার্ভিস এর নিম্ন লিখিত টেলিফোন নম্বর ও e-mail Address এ সরাসরি যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা যাবে।

কর্মকর্তার নাম ও পদবী	কোম্পানীর নাম	মোবাইল নম্বর	e-mail Address
জনাব সিদ্দিকা শায়লা শবনম, মুখ্য কর্মকর্তা	Remitex Limited (Mukuru)	01708806037	cdrakubvalidation@gmail.com
জনাব ইফফাত জাহান ইভা, কর্মকর্তা	Remitex Limited (Mukuru)	01755586900	cdrakubvalidation@gmail.com
জনাব মোঃ রফিকুল ইসলাম, কর্মকর্তা	Remitex Limited (Mukuru)	01708806038	cdrakubvalidation@gmail.com

০৮। এ পরিপত্রের নির্দেশাবলী অনুসরণপূর্বক Remitex Limited (Mukuru) এর সাথে স্থাপিত Money Transfer ব্যবস্থাধীনে প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ সংশ্লিষ্ট গ্রাহকদেরকে পরিশোধের ক্ষেত্রে শাখাগুলোকে নিষ্ঠার সাথে কাজ করে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসায় সফল অবদান রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এ বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট সকলকে বৈদেশিক বিনিময় বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৯। এই পরিপত্রের নিদের্শনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(জি. এম. রুহুল আমিন)
মহাব্যবস্থাপক
পরিচালন মহাবিভাগ
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

নং-প্রকা/বৈবিবি/পরিপত্র-১(অপা-৩)/২০১৯-২০২০/২১৪৭(৪০৯)/৫৩ তারিখ ঃ ২১-০৪-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে) বিতরণ করা হলো ঃ

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ বিভাগীয় প্রধান/ইউনিট/সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (**পরিপত্র টি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি বিভাগকে অনুরোধ করা হলো**)।
০৬। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ,প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা,জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০।নথি/মহানথি।

২১.০৪.২০২০

(মো: মহসীন আলী)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)